

নয় এ মধুর খেলা—

তোমায় আমায় সারাজীবন সকাল-সন্ধ্যাবেলা নয় এ মধুর খেলা ॥

কতবার যে নিবল বাতি, গর্জে এল ঝড়ের রাতি—

সংসারের এই দোলায় দিলে সংশয়েরই ঠেলা ॥

বারে বারে বাঁধ ভাঙিয়া বন্যা ছুটেছে ।

দারুণ দিনে দিকে দিকে কান্না উঠেছে ।

ওগো রুদ্র, দুঃখে সুখে এই কথাটি বাজল বুকে—

তোমার প্রেমে আঘাত আছে, নাইকো অবহেলা ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Style: Iman-Baul

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail